

৭। বাংলার পাটবাড়ি পরম্পরার কারণগুলি সংক্ষেপে আলোচনা করো।
বৈষ্ণব সংগঠন হিসাবে কেন এগুলি গুরুত্বপূর্ণ বলে তুমি মনে কর?

অথবা

৮। বৈষ্ণব পাটবাড়ি পরম্পরার ধারণাটি কোন ঐতিহাসিক প্রেক্ষাপটে
কেন গুরুত্বপূর্ণ হয়ে ওঠে? চৈতন্যোত্তর কালে যেকোনো একটি
পাটবাড়ির ঐতিহাসিক গুরুত্ব উল্লেখ করো।

কলা স্নাতকোত্তর অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৩

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেষ্টার)

বাংলা

কোর্স : পি.জি.-২.৫২এ

চৈতন্যদেব এবং বাংলার সংস্কৃতি

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১। চৈতন্যজীবনীকাব্যে ও বৈষ্ণব পদাবলিতে চৈতন্য প্রসঙ্গে
গৌরনাগরবাদীদের বিশেষত্বের দিকগুলি সংক্ষেপে আলোচনা করো।

অথবা

২। চৈতন্য-আশ্রিত বাংলার বৈষ্ণব সমাজে বৃন্দাবনের গোস্বামীদের
মতাদর্শ কীভাবে প্রভাব বিস্তার করেছিল বুঝিয়ে দাও।

৩। গঠনগত দিক থেকে বাংলার টেরাকোটা মন্দিরের প্রকারভেদ উল্লেখ
করে যেকোনো দুটি রীতির মন্দিরের পরিচয় দাও।

অথবা

৪। বাংলার টেরাকোটা মন্দির-ভাস্কর্যে চৈতন্য-আশ্রিত বৈষ্ণব ধর্ম কীভাবে
প্রভাব বিস্তার করেছিল আলোচনা করো।

৫। নামকীর্তন ও লীলাকীর্তনের প্রধান পার্থক্য কী? বাংলার কীর্তনের
ঘরানাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

অথবা

৬। মধ্যযুগে বাংলার পুথি, পাটা ও পট চিত্রে বৈষ্ণব ধর্মের প্রভাব কীভাবে
পড়েছিল বুঝিয়ে দাও।